



বধিত বাসভাড়া প্রতিরোধ কর্মসূচী

ফার্মগেটে পুলিশের সাথে ছাত্রদের সংঘর্ষ

(নিজস্ব বার্তা পরিবেশক)
বধিত বাসভাড়া প্রতিরোধ কর্মসূচীতে পুলিশ বাধা দেয়ায় গতকাল বৃহস্পতিবার ফার্মগেট এলাকায় তেজগাঁ কলেজের ছাত্রদের সাথে পুলিশের ব্যাপক সংঘর্ষ হয়। পুলিশ ছাত্রদের ওপর লাঠিচার্জ ও কমপক্ষে ২০ রাউণ্ড টিয়ার গ্যাস নিক্ষেপ করেছে। পুলিশের ওপরও ইটপাটকেল নিক্ষেপ করা হয়েছে।

এই সংঘর্ষের সময় বেশকিছু হাতবোমা ও ককটেল বিস্ফোরিত হয়। প্রায় ২ ঘন্টা স্থায়ী এই সংঘর্ষে ছাত্র, পুলিশ ও পথচারী মিলিয়ে অন্ততঃপক্ষে ৪০ জন আহত হয়েছে।

সংঘর্ষের সময় ফার্মগেট এলাকার অধিকাংশ দোকান বন্ধ ছিল। পুলিশ ঘটনাস্থল থেকে তেজগাঁ কলেজের একজন ছাত্রসহ ৪ জনকে গ্রেফতার করেছে। এ ব্যাপারে তেজগাঁ থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

মিনিবাসে অগ্নিসংযোগ
সকাল ১১টার দিকে সোহরাওয়ার্দী হাসপাতালের সামনে মীরপুর বধিত বাসভাড়া আদায়ের ঘটনাকে কেন্দ্র করে একদল বিক্ষুব্ধ যুবক ঢাকা চ-৪০২৭ নম্বরের মিনিবাসে অগ্নিসংযোগ করে। খবর পেয়ে ফায়ার ব্রিগেড ঘটনাস্থলে পৌঁছে আগুন নেভায়। এ ব্যাপারে নোহান্দপুর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে।

দুপুর ১২টার দিকে শেরে-বাংলা নগরস্থ কৃষি কলেজে রাস চলাকালীন সময় বিনা-অনুমতিতে একদল পুলিশ কলেজে ঢুকে একশন-এ যাওয়ার চেষ্টা চালায়। শিক্ষক, ছাত্র ও কর্মচারীদের প্রতিবাদে শেষ পর্যন্ত পুলিশ কলেজ প্রাঙ্গণ থেকে বেরিয়ে আসতে বাধ্য হয়।